দৈনিক জনকণ্ঠ

তারিখ ... FEB 15 2008 ...
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রামে ছাত্রলীগ নেতাকে গুলি করে হত্যা ॥ প্রতিবাদে গাড়ি ভাংচুর, সড়ক অবরোধ

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** সোমবার সকালে অস্ত্রধারী সন্ত্রাসীরা ঘরে ঢুকে এক ছাত্রলীগ নেতাকে গুলি করে হত্যা করেছে। এ ঘটনার জের হিসাবে ছাত্রলীগের বিক্ষুব্ধ কর্মীরা নগরীর বিভিন্ন স্থানে গাড়ি ভাংচুর করে, ৩ ঘণ্টা সড়ক অবরোধ করে।

নিহত ছাত্রলীগ নেতার নাম পুলক বিশ্বাস (২৩)। সে এমইএস কলেজ ছাত্রলীগ নেতা। পুলিশ জানায়, সকাল সাড়ে ৯টায় অস্ত্রধারী ৫ সন্ত্রাসী নগরীর গুলক বহরস্থ পুলকের বাসায় কলিংবেল টিপে। পুলকের বড় ভাইয়ের স্ত্রী দরজা খুলে দেয়ার সাথে সাথে অস্ত্রধারীরা তাকে জিম্মি করে ফেলে। অস্ত্রধারীরা দ্রুত ভিতরের রুমে বিছানায় শোয়া পুলককে ধরে ফেলে। পুলক বাঁচার চেষ্টা করলেও ৩ জন তাকে ধরে স্বয়ংক্রিয় অস্ত্র, থেকে কয়েক রাউন্ড গুলি করে। সন্ত্রাসীরা তার মৃত্যু নিশ্চিত হওয়ার পর অপেক্ষমাণ বেবিট্যাক্সিযোগে চকবাজারের দিকে পালিয়ে যায়।

স্থানীয় লোকজন গুলির শব্দ শুনে এগিয়ে আসে। পুলককে রক্তাক্ত অবস্থায় মেডিক্যাল সেন্টার ক্লিনিকে নিয়ে আসা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

(১১- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## চট্টগ্রামে ছাত্রলীগ

(প্রথম পাতার পর)

অস্ত্রধারীদের গুলিতে পুলক বিশ্বাস খুন হওয়ার ঘটনা এমইএস কলেজ ও নগরীর বিভিন্নস্থানে ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ ছাত্রলীগ কর্মীরা ৯টি স্থানে অবরোধ সৃষ্টি করে। বহদ্দারহাট, মুরাদপুর, ২নং সড়ক, প্রবর্তক মোড়, গোলপাহাড়, জিইসি মোড়, গরীবুল্লাহশাহ মোড়, জাকির হোসেন রোড, মেডিক্যাল মোড়ে বিক্ষুব্ধরা রাস্তায় অবরোধ সৃষ্টি করে রাখে। সকাল ১০টা থেকে এসব এলাকায় ট্রাক, বাস, কারসহ বিভিন্ন প্রকার ৪০টি যানবাহনের কাচ ভাংচুর হয়। এতে নগরীর উল্লেখযোগ্য এলাকায় যানবাহন চলাচল বন্ধ থাকে। দুপুর ১টায় আওয়ামী লীগ নেতাদের হস্তক্ষেপে বিক্ষুব্ধ ছাত্রলীগ নেতাদের শান্ত করে অবরোধ প্রত্যাহার করে নেয়া হয়। অবরোধ ও ভাংচুর চলাকালে পুলিশ ছিল দর্শকের ভূমিকায়।

এমইএস কলেজ ছাত্রলীগের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, শিবির ক্যাডারদের হাতে পুলক বিশ্বাস নির্মমভাবে খুন হয়। সন্ত্রাসীরা তাকে ব্রাশফায়ার করে খুন করে। ইতোপূর্বে জামায়াত-শিবির চক্র একদফা তাকে হামলা করে আহত করেছিল। এরও আগে ঐ চক্র ৫ ছাত্রলীগ নেতাকে খুন করেছে। দুপুর ২টায় জিইসির মোড়ে ছাত্রলীগের তাৎক্ষণিক প্রতিবাদসভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা সাম্প্রদায়িক অপশক্তি চট্টগ্রামকে যেভাবে কিলিং জোনে পরিণত করেছে তা প্রতিহত করতে ছাত্রলীগ কর্মীদের আহ্বান জানান।